গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩২.২৩.০০৩.২০.৫৪ | তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭
১৪ মার্চ ২০২১

বিষয়: **আগামী ১৭ই মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গৃহিত কার্যক্রম।**

আগামী ১৭ই মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ১১/০২/২০২১ তারিখের ১৮০ নং স্মারকে বিবেচ্য কর্মসূচিসমূহ এবং খাদ্য মন্ত্রণালয়ের ০২/০৩/২০২১ তারিখের ৫৩ নং স্মারকের নির্দেশনার প্রেক্ষিতে খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের পক্ষে অনুষ্ঠানসূচি বাস্তবায়নের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত ১০/০৩/২০২১ তারিখের সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৪-৩-২০২১
মামুন আল মোর্শেদ চৌধুরী
উপপরিচালক

বিতরণ :
১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব),খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪) পরিচালক, (সকল)........................... খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫) প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা ঢাকা।
৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭) উপ-সচিব, অভ্যন্তরীণ প্রশাসন-১, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৯) অতিরিক্ত পরিচালক, (সকল) .............................. খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১০) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
১১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।
১২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো।
১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
ঝিনাইদহ/যশোর/সিলেট/মাগুরা/বাগেরহাট/কুষ্টিয়া/খুলনা/মেহেরপুর/নড়াইল/সাতক্ষীরা/বগুড়া/জয়পুরহাট/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/নীলফামারী/রংপুর/ঠাকুরগাঁও/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনাম
১৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩২.২৩.০০৩.২০.৫৪/১(২) | তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭
১৪ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবে প্রকাশের অনুরোধসহ)।
২) অফিস/মাস্টার কপি।

১৪-৩-২০২১
মামুন আল মোর্শেদ চৌধুরী
উপপরিচালক

**আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির বিবেচ্য কর্মসূচিসমূহ এবং খাদ্য মন্ত্রণালয়ের ০২/০৩/২০২১ তারিখের ৫৩ নং স্মারকের নির্দেশনার প্রেক্ষিতে খাদ্য অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : শেখ মুজিবর রহমান, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর।
সভার স্থান : ২য় তলা সভা কক্ষ।
তারিখ ও সময় : ১০/০৩/২০২১ বিকাল ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে পরিচালক প্রশাসন মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের ২২/০৬/২০২০ তারিখের ৭৭নং স্মারক এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৩০/১২/২০২০ তারিখের ৫২১ পত্রের প্রেক্ষিতে মুজিববর্ষ ২০২১ উপলক্ষ্যে ভবিষ্যৎ গৃহীত কর্মপরিকল্পনা ও অগ্রগতি সভায় পাঠ করে শুনান। এছাড়া মুজিববর্ষ ২০২১ উপলক্ষ্যে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন।

আগামী ১৭ মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি বিবেচ্য নিম্নরূপ কর্মসূচি প্রণয়ন করেছেন। যা খাদ্য মন্ত্রণালয়ের ০২ মার্চ ২০২১ তারিখের ৫৩ নং স্মারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য খাদ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে জেলা, উপজেলা ও বিভাগীয় পর্যায়ের অধীনস্থ অফিসসমূহে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। খাদ্য মন্ত্রণালয়ের উক্ত নির্দেশনার প্রেক্ষিতে খাদ্য অধিদপ্তরের ০৩/০৩/২০২১ তারিখের ৪৬ নং স্মারকে (ই-নথির) খাদ্য অধিদপ্তরাধীন মাঠপর্যায়ের দপ্তরসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

আগামী ১৭ মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির গৃহীত কর্মসূচিসমূহ নিয়ে প্রদত্ত হলো। খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের পক্ষে যে সমস্ত কর্মসূচি পালন করা হবে তার পার্শ্বে উপস্থাপন করা হলো;

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ১১/০২/২০২১ তারিখের ১৮০ নং স্মারকে নিম্নোক্ত কর্মসূচি যা খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয় পালন করবে তা নিম্নরূপ;

| ক্রমিক নং | জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মসূচিসমূহ | খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচিসমূহ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ১৭ই মার্চ ২০২১ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে); | প্রযোজ্য নহে | |
| ২ | সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে ১৭ মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন; | খাদ্য ভবন প্রাঙ্গণে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হবে; | |
| ৩ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন; | খাদ্য ভবনের নীচ তলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাজ্ঞাপন করা হবে; | অফিস আদেশ জারির মাধ্যমে কর্মকর্তা/ কর্মচারীদের উপস্থিত নিশ্চিত করা হবে। |
| ৪ | মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন; | খাদ্য ভবনের ৭ম তলার সভা কক্ষে সংক্ষিপ্ত আলোচনা ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হবে; | খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত থাকবে। |
| ৫ | দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে খাবার/মিষ্টান্ন বিতরণ; | আলোচনা সভা ও বিশেষ মোনাজাতের পর খাবার/মিষ্টান্ন বিতরণ করা হবে; | |
| ৬ | হাসপাতাল, কারাগার, শিশু পরিবার ও এতিম খানায় মিষ্টান্ন বিতরণ ও উন্নতমানের খাবার পরিবেশন; | প্রযোজ্য নহে | |
| ৭ | মুজিববর্ষ উদযাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ; | খাদ্য ভবনে খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের নামে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ করা হবে; | |
| ৮ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা; | খাদ্য ভবনে ০৭ মার্চ থেকে ২৭ মার্চ পর্যন্ত আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে। | |
| ৯ | শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিজস্বভাবে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন; | প্রযোজ্য নহে | |
| ১০ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্মরণিকা, গ্রন্থ, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও সহায়তা প্রদান; | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে দেওয়াল ক্যালেন্ডার মুদ্রণ ও প্রকাশ করা হবে। আগামী ১৪/০৩/২০২১ তারিখে দেওয়াল ক্যালেন্ডার সরবরাহ পাওয়া যাবে। | |

| ক্রমিক নং | জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মসূচিসমূহ | খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের গৃহিত কর্মসূচিসমূহ | মন্তব্য |
|---|---|---|---|
| ১১ | যে সকল জায়গায় বঙ্গবন্ধু স্মৃতি বিজড়িত স্থান আছে সে সকল স্থানে স্থানীয় প্রশাসন কর্তৃক আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন; | প্রযোজ্য নহে | |
| ১২ | বিভিন্ন স্থানে স্থাপনকৃত বড় আকারের এলইডি স্ক্রিনে স্বাধীনতা ও বঙ্গবন্ধুর উপর স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন; | খাদ্য ভবনের সম্মুখে স্থাপনকৃত বড় আকারের এলইডি স্ক্রিনে স্বাধীনতা ও বঙ্গবন্ধুর উপর স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন করা হবে; | বঙ্গবন্ধুর উপর স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শনের নিমিত্ত খাদ্য ভবনসহ মাঠ পর্যায়ের দপ্তরকে নির্দেশনা দেওয়া হবে। |
| ১৩ | আতশবাজির আয়োজন (প্রযোজ্য ক্ষেত্রে); | প্রযোজ্য নহে | |
| ১৪ | মন্ত্রণায়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার। উল্লেখ্য, স্ব স্ব দপ্তর ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করতে পারবে; | খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের সৌজন্যে মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার করা হবে; | মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার মাঠপর্যায়ের দপ্তরসমূহে ব্যবহারের নির্দেশনা দিতে হবে। |
| ১৫ | ওয়েব সাইটে (http://www.mujib100.gov.bd) জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পোস্টারের টেমপ্লেট দেয়া থাকবে। প্রয়োজনে কোন সংস্থা বা প্রতিষ্ঠান উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসেবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারবে এবং সেক্ষেত্রে পোস্টারের নিচে সৌজন্য হিসাবে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করা যাবে; | ওয়েব সাইটে http://www.mujib100.gov.bd থেকে সংগৃহীত পোস্টারের টেমপ্লেট অনুযায়ী পোস্টার মুদ্রণ অথবা ড্রপডাউন ব্যানার প্রস্তুতপূর্বক ব্যবহার করা হবে; সৌজন্যে- খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়। | |
| ১৬ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন দপ্তর, সংস্থা, সামাজিক ও রাজনৈতিক সংগঠন নিজস্ব ডিজাইনে পোস্টার তৈরি করতে পারে তবে পোস্টার, ব্যানার বা ফেস্টুনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যতীত অন্য কোন ব্যক্তির ছবি ব্যবহার করা বাঞ্ছনীয় নয়; | পোস্টার, ব্যানার বা ফেস্টুনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যতীত অন্য কোন ব্যক্তির ছবি ব্যবহার করা হবে না; | |
| ১৭ | ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো যেকোন প্রতিষ্ঠান/সংস্থা কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া তাদের অনুষ্ঠানে ব্যবহার করতে পারবে; | ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া ব্যবহার করা হবে। | |
| ১৮ | জন্মশতবার্ষিকীর কর্মসূচি বাস্তবায়ন কাজে বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণ; | খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করবেন; | |
| ১৯ | প্রযোজ্য ক্ষেত্রে সুবিধাজনক সময়ে স্থানীয় উদ্যোগে অন্যান্য আয়োজন; | প্রযোজ্য নহে | |
| ২০ | জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক আয়োজিত দশ দিনব্যাপী অনুষ্ঠানমালা বাংলাদেশ টেলিভিশন, বেসরকারি টেলিভিশন চ্যানেল, অনলাইন এবং সোশ্যাল মিডিয়া প্রতিদিন নির্দিষ্ট সময়ে সরকারি সম্প্রচার করা হবে। বিষয়টি সকলের জানার স্বার্থে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ; | সকলের জানার স্বার্থে খাদ্য বিভাগীয় মাঠপর্যায়ের দপ্তরসমূহকে বহুল প্রচারের জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। | |

| ক্রমিক নং | জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মসূচিসমূহ | খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের গৃহিত কর্মসূচিসমূহ | মন্তব্য |
|---|---|---|---|
| ২১ | জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত এর ব্যবহার; | জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত এর ব্যবহার করা হবে; | |
| ২২ | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ। | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ করা হবে; | |

এছাড়া, জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্বাচিত থিম সংগীত ওয়েব সাইট থেকে সংগ্রহ করে সাউন্ড সিস্টেমের মাধ্যমে খাদ্য ভবনে সকলের উদ্দেশ্যে শুনানো হবে। আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে খাদ্য বিভাগীয় সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ ভার্চুয়াল মিটিং এর মাধ্যমে কর্মসূচি পালনের বিস্তারিত প্রতিবেদন দাখিল করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/০৩/২০২১
(শেখ মুজিবর রহমান)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩২.২৩.৭০৮.২০১৮- ২৫২(৬১)

তারিখঃ ১০ /০৩/২০২১খ্রি.

**সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো;**

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (সকল)........................................................,খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, ......................................................., খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৬। মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) .............................................। অধীনস্থ দপ্তরসমূহকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ কর হলো।
৯। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ/ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১০। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
১১। সাইলো অধীক্ষক (সকল)...........................................................................।
১২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
১৩। অফিস কপি/মাস্টার কপি।

১০/৩/২১
(মামুন আল মোর্শেদ চৌধুরী
উপ-পরিচালক (সংস্থাপন)
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।